# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়ণের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ- ৪৬.৪৪.৬৭০০.০০৫.০৫(৫).২৮.১৫.২৫৯ তারিখঃ ০৭/০২/২০১৯ খ্রি.

## জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অনুষ্ঠানের তারিখ ঃ ০৯-০১-২০১৯ খ্রি.।
অনুষ্ঠানের সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।
অনুষ্ঠানের স্থান ঃ এন.সি.সি প্রাঙ্গন।

উপস্থিত ছিলেন ঃ ডাঃ সেলিনা হায়াৎ আইভী
মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
এবং
এনসিসি'র কাউন্সিলরবৃন্দ।

জাইকার অর্থায়নে সিটি গভার্নেন্স প্রকল্প (সিজিপি) এর কার্যক্রম হিসাবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান আয়োজন করেন। এ কর্মসূচীতে কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগণের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ডাঃ সেলিনা হায়াৎ আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

এ পর্যায়ে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের মূল পর্ব "প্রশ্নোত্তর পর্ব" শুরু হয়। প্রশ্নোত্তর পর্বের সঞ্চালক হিসাবে দায়িত্ব পালন করেন জনাব শ্যামল চন্দ্র পাল কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, এন.সি.সি।

**অংশগ্রহণকারী -১ঃ জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ৭০ শাহসূজা রোড, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ-** নগর ভবন নির্মাণ কাজ শেষ হতে কত দিন লাগবে?

**জবাবঃ-** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র উপস্থিত সবাইকে পূনরায় ধ্যনবাদ জ্ঞাপন করে বলেন, নগর ভবন নির্মাণ কাজ সম্পন্ন হতে আরও তিন বছর লাগবে। তবে এপ্রিল-২০১৭ এর মধ্যে ২য় তলা পর্যন্ত নির্মাণ কাজ শেষ হবে।

**অংশগ্রহণকারী -২ঃ জনাব মোঃ আব্দুস সালাম, সাংবাদিক, এটিএন বাংলা।**

**প্রশ্নঃ-** শুধু মাত্র আর্মি/পুলিশ দিয়ে জঙ্গিবাদ প্রতিহত করা সম্ভব নয়, মর্মে অভিমত ব্যাক্ত করে তিনি বলেন যে, প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে পাঠাগার নির্মাণ প্রয়োজন। এ বিষয়ে এন.সি.সি কোন পদক্ষেপ গ্রহণ করবে কিনা।

**জবাবঃ-** মাননীয় মেয়র সময়োপযোগী বিষয় উপস্থাপনের জন্য প্রশ্নকারীকে ধন্যবাদ জানান এবং পাঠাগার নির্মাণের মহল্লা ভিত্তিক উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। এক্ষেত্রে মহল্লাবাসীর আবেদনের প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বইপত্র/আসবাবপত্র ক্রয় সহ প্রয়োজনীয় সহযোগীতার আশ্বাস প্রদান করেন।

**অংশগ্রহণকারী -৩ঃ জনাব শরীফ উদ্দিন সুজন, সাংবাদিক, সময় টিভি।**

**প্রশ্ন ঃ-** বাবুরাইল খাল সংস্কার ও সৌন্দর্যবর্ধন প্রকল্প একটি ভালো উদ্যোগ হিসাবে বর্ণনা করে তিনি জানতে চান যে, এ প্রকল্প পূর্ণাঙ্গরূপে বাস্তবায়ন সম্ভব কিনা?

**জবাবঃ-** ডা. আইভী জানান যে বাবুরাইল খাল সংস্কার ও সৌন্দর্যবর্ধন প্রকল্প আগামী ২ বছরের মধ্যে পূর্নাঙ্গরূপে বাস্তবায়ন করা সম্ভব হবে।

**অংশগ্রহণকারী -৪ঃ হাজী মোঃ সোহরাব হোসেন, মিজমিজি, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ-** অবৈধ ভাবে অটো রিক্সা চলছে এবং যত্রতত্র পার্কিং এর ফলে যানযট সৃষ্টি হচ্ছে উল্লেখ করে তিনি জানতে চান যে, এ বিষয়ে এ.সি.সি কোন পদক্ষেপ গ্রহণ করবে কিনা?

**জবাবঃ-** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিদিন অবৈধ রিক্সা আটক করছে। ঈদের পরে এই কার্যক্রম আরো নিবিড় করা হবে। যানযট নিরসনে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

**অংশগ্রহণকারী -৫ঃ জনাব মোঃ তোফাজ্জল হোসেন, সম্পাদক, দৈনিক ইয়াদ।**

**প্রশ্নঃ-** মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কারনে বেওয়ারিশ কুকুর নিধন সম্ভব হচ্ছে না। কিন্তু নগরবাসী কুকুরের যন্ত্রণায় অতিষ্ট বলে উল্লেখ করে তিনি মহামান্য আপিল বিভাগে আইনগত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

**জবাবঃ** জবাবে মাননীয় মেয়র জানান যে, মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কারনে আপাতত কোন আইনগত পদক্ষেপ গ্রহণ ও কুকুর নিধন সম্ভব নয়। তবে আমরা এ বিষয়ে বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করব।

**অংশগ্রহণকারী -৬ঃ জনাব এ.বি সিদ্দিকী, সভাপতি, নারায়ণগঞ্জ নাগরিক কমিটি।**

**প্রশ্নঃ-** **(ক) জিমখানা লেক এর কাজ আরও দ্রুত্য বাস্তবায়ন করা সম্ভব কিনা?**

**(খ) জামতলা এলাকার আল্লামা ইকবাল রোড এলাকার জলাবদ্ধতার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করবেন কিনা?**

**জবাবঃ** ডা. সেলিনা হায়াৎ আইভী জানান যে, বৃষ্টির কারনে জিমখানা লেক এর মধ্যে পানি রয়েছে, ফলে আপাতত কাজ বন্ধ রয়েছে। বর্ষা মৌসুম শেষ হলে দ্রুততার সঙ্গে জিমখানা লেক সংস্কার ও সৌন্দর্যবর্ধন কাজ বাস্তবায়ন করা হবে। জামতলা এলাকার বোয়ালিয়া খালে ডিপ-ড্রেন নির্মাণের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন করা হবে। তিনি আশা প্রকাশ করেন যে, আগামী বছর এই জলাবদ্ধতা সৃষ্টি হবে না।

**অংশগ্রহণকারী -৭ঃ জনাব মোঃ ফারুক মোহসীন, সাধারন সম্পাদক, নারায়ণগঞ্জ খেলাঘর।**

**প্রশ্নঃ** তিনি এন.সি.সি এডভেঞ্চারল্যান্ড পার্কের প্রবেশ মূল্য কমানোর দাবী জানান।

**জবাবঃ** এন.সি.সি এডভেঞ্চারল্যান্ড পার্কের সুযোগ-সুবিধা বৃদ্ধি, সেবার মান উন্নয়ণ ও প্রবেশ মূল্য কমানোর বিষয়ে ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ এর ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষে গ্রহণ করা হবে।

**অংশগ্রহণকারী -৮ঃ জনাব ফাতেমা আক্তার, ৮০ সোনা বিবি রোড, সোনাকান্দা, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ** **২০ নং ওয়ার্ডের ইকো পার্ক নির্মাণের পূণঃ উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।**

**জবাবঃ** সোনাকান্দা ইকো পার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। কিন্তু নারায়ণগঞ্জের একটি প্রভাবশালী মহল যারা সবসময় উন্নয়ণকে বাধাগ্রস্থ করে, তাদের অপতৎপরতার কারনে আপাতত ইকো পার্ক নির্মাণ সম্ভব হচ্ছে না। জনগন এই সন্ত্রাসীদের কাছে জিম্মি হয়ে আছে, ভয়ে মুখ খুলছে না। সাহস করে উন্নয়ণের পাশে সবাইকে দাঁড়াতে হবে। সে প্রেক্ষিতে জেলা প্রশাসকের সঙ্গে আলোচনা করে পূণঃ উদ্যোগ গ্রহণ করা যাবে।

**অংশগ্রহণকারী -৯ঃ জনাব সুব্রত কুমার সাহা, ২৮/১ মহিম গাঙ্গুলী রোড, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ** **বাংলাদেশের নারায়ণগঞ্জ অত্যন্ত ঝুকি প্রবণ এলাকা। এ বিষয়ে এন.সি.সি কি প্রস্তুতি গ্রহণ করেছে?**

**জবাবঃ** ভূমিকম্পের জন্য ঝুকিপূর্ণ ভবন চিহ্নিত করার কাজ চলছে এবং ওয়ার্ড ভিত্তিক নাগরিকদের প্রশিক্ষণ দিয়ে স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা হয়েছে। এছাড়াও ভূমিকম্প পরবর্তী উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। এসকল কার্যক্রম ফায়ার সার্ভিস আমাদের সক্রিয় সহযোগীতা করছে।

**অংশগ্রহণকারী -১০ঃ জনাব সালমা সুলতানা, সভাপতি CHDF, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ নারীর ক্ষমতায়নের জন্য এন.সি.সি কি কি কার্যক্রম পরিচালনা করছে?**

**জবাবঃ** মাননীয় মেয়র জানান যে, নারীর ক্ষমতায়ন বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন তৎপর রয়েছে। এ বিষয়ে বাজেটে উল্লেখযোগ্য পরিমান অর্থ বরাদ্দ রাখা হয়েছে। নারীর ক্ষমতায়নের জন্য দক্ষতা উন্নয়ণ ও মানবিক উন্নয়ণ প্রশিক্ষণ কার্যক্রম ১০ বছর আগে থেকে চলমান রয়েছে। এছাড়াও আর্থ-সামাজিক উন্নয়ণের জন্য ক্ষুদ্র ঋণ ও সঞ্চয় কার্যক্রম চলমান রয়েছে।

**অংশগ্রহণকারী -১১ঃ জনাব গৌতম কুন্ডু, নাগরিক ২৪নং ওয়ার্ড, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ এন.সি.সি'র দুইপাড়ের সংযোগ হিসাবে সেতু নির্মাণের পরিকল্পনা আছে কি?**

**জবাবঃ** শীতলক্ষ্মা নদীর উপর সেতু নির্মাণের দায়িত্ব সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়। কিন্তু জনগনের সমস্যা বিবেচনা করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কদম রসুল সেতু নির্মাণের পদক্ষেপ গ্রহণ করেছে। প্রকল্পটি ইতিমধ্যে ECNEC এ অনুমোদিত হয়েছে। অল্প সময়ের মধ্যেই বাস্তবায়ন শুরু হবে।

**অংশগ্রহণকারী -১২ঃ জনাব মোঃ আহ্‌সান হাবিব, ছাত্র, সরকারী তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ ই-গর্ভানেন্স বাস্তবায়নের জন্য এন.সি.সি কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?**

**জবাব ঃ** ইতিমধ্যে ই-গর্ভানেন্স এর অধীনে সিটি কর্পোরেশনের কর আদায়, ট্রেড লাইসেন্স যথাক্রমে মিউনিসিপ্যাল ট্যাক্স সফটওয়্যার, মিউনিসিপ্যাল ট্রেড লাইসেন্স এর মাধ্যমে অটোজেনারেট করা হয়। এমনকি, হিসাবরক্ষন শাখা সকল কার্যক্রম মিউনিসিপ্যাল একাউন্টিং সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করেন। অধিকন্তু ই-গর্ভানেন্স এর আওতায় সকল নাগরিকের মোবাইল নাম্বার নিবন্ধনের মাধ্যমে জরুরী ক্ষুদেবার্তা পাঠানো হয়।

**অংশগ্রহণকারী -১৩ঃ জনাব শাহজাহান ভূইয়া জুলহাস, কমান্ডার, সদর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ।**

**প্রশ্নঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান ও পৌরকর মওকুফ করায় মেয়র মহোদয়ের কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং প্রত্যেক ওয়ার্ড ভিত্তিক সমন্বয় কমিটি (WLCC) তে মুক্তিযোদ্ধাদের অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান।**

**জবাবঃ** WLCC এর ফরমেশন সিজিপি থেকে করা হয়েছে। এই কমিটিতে মুক্তিযোদ্ধাদের অন্তর্ভূক্ত করণের বিষয়টি যথাযোগ্য কর্তৃপক্ষকে অবহিত করার আশ্বাস প্রদান করেন।

**সমাপনী বক্তব্যঃ** মেয়র মহোদয় বলেন, শত ব্যস্ততার মধ্যে হাজার হাজার সম্মানিত নাগরিক যোগদান করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছেন। তাই আপনাদের প্রতি আমি কৃতজ্ঞ। তিনি আরো বলেন যে, নারায়ণগঞ্জ শহরে রেলের কোটি কোটি টাকার সম্পদ প্রভাবশালীরা ভোগ করছে, অবৈধভাবে। কিন্তু সিটি কর্পোরেশন জনস্বার্থে আইন মেনে কাজ করতে গেলেও রেলওয়ে বাধা প্রদান করে একটি প্রভাবশালী মহলের ইশারায়। তারা নারায়ণগঞ্জের উন্নয়ণ চায় না। তারা শোষন করতে চায়, শাসন করতে চায়। কিন্তু আমার উন্নয়ণ কাজে বাধা দেওয়া হলে ফল ভালো হবে না। আমি গত ১৬ বছরে ষড়যন্ত্রের কাছে মাথা নত করি নাই এবং আগামীতেও করবো না। আপনাদের সাথে নিয়ে সকল বাধা উপেক্ষা করে জনস্বার্থে উন্নয়ণ কাজ করবো এবং নাগরিক সেবা দিয়ে যাব। তিনি আরো বলেন যে, শুধু এই অনুষ্ঠানের মাধ্যমে নয়, আমরা নগর তথ্যসেবা কেন্দ্র ও বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে স্বচ্ছতার পরীক্ষা দিচ্ছি এবং উত্তীর্ন হয়েছি। তাই আপনারা সাথে থাকবেন, সকল বাধা অতিক্রম করবো। সর্বশেষ তিনি বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাচন সন্নিকটে, এই নির্বাচনকে সামনে রেখে নারায়ণগঞ্জের একটি প্রভাবশালী মহল ষড়যন্ত্র করছে। তারা বিভিন্ন সময় বিভিন্ন জনের মনোনয়ন দিচ্ছে। আমি শুধু বলতে চাই নৌকার মালিক বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনা। আমি আশা করি মাননীয় প্রধানমন্ত্রী আমাকেই মনোনয়ন দিবেন এবং আপনারা সকলে আমার বিগত দিনের কাজের মূল্যায়ণ ও ভোট দিয়ে জয়যুক্ত করবেন। আপনারা ভাল থাকবেন, নাগরিক দায়িত্ব পালন করবেন।

-- আল্লাহ্ হাফেজ।

(এ,এফ,এম, এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail:ceo@ncc.gov.bd

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়ণনের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**৯ জানুয়ারী ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" এর প্রতিবেদন।**

১। জনগণের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানে অত্র সিটি কর্পোরেশনের কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। সকাল ১১:০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগনের আসন গ্রহণের মাধ্যে দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এ অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিভিন্ন বয়স ও পেশার ২৪ জন নাগরিকের স্বাক্ষাতকার গ্রহণ করা হয়। উক্ত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাবে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়।

২। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠানে আলোচ্যসূচী ছিল নিম্নরূপঃ

(ক) সিজিপি (সিটি গর্ভনেন্স প্রকল্প) সম্পর্কে আলোচনা।
(খ) ট্যাক্স সম্পর্কিত আলোচনা।
(গ) ই-গভার্নেন্স।
(ঘ) পরিবেশ ও উন্নয়ণ।
(ঙ) নারীর ক্ষমতায়ন।
(চ) নাগরিক সেবা।
(ছ) চলমান উন্নয়ণ প্রকল্প।
(জ) ভবিষ্যৎ উন্নয়ণ প্রকল্প।
(ঝ) দারিদ্র হ্রাসকরণ কার্যক্রম।
(ঞ) জন্ম নিবন্ধন।
(ট) লাইসেন্স নবায়ন।
(ঠ) বিবিধ।

৩। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠান শেষে অতিথি ও স্টেকহোল্ডার সংগঠনের প্রতিনিধিদের কাছ থেকে ইভেন্ট সম্পর্কে মন্তব্য।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মোঃ ইউসুফ<br>শিক্ষক | আমার মতে জনতার মুখোমুখি অনুষ্ঠানটি অনেক ভালো হয়েছে। এই অনুষ্ঠানটি আমাদের নগর উন্নয়নে অনেক ভূমিকা রাখবে। |
| ০২ | খাদিজা ইসলাম নিতু<br>শিক্ষাকা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে জনতার মুখোমুখি অনুষ্ঠানের মাধ্যমে স্বচ্ছতা ও জবাব দিহিতার চর্চা হয়। |
| ০৩ | মোঃ রিপন<br>দরিদ্র প্রতিনিধি | এনসিসিতে জনতার মুখোমুখি অনুষ্ঠান প্রতি বছর হয়ে থাকে। যার কারনে আমরা প্রতিটি কাজে উন্নয়ণের বরাদ্দকৃত টাকার পরিমান জানতে পারি। |
| ০৪ | নাছির মাহমুদ<br>ব্যবসা | এই সভার মাধ্যমে কোন ওয়ার্ডে কি কাজ হচ্ছে কত টাকার কাজ হচ্ছে তা আমরা সহজেই জানতে পারি। |
| ০৫ | লাকী সরকার<br>ব্যবসায়ী ও সমাজ সেবক | বাজেটের সাথে জনতার মুখোমুখি না করলে প্রশ্ন বেশি করতে পারবে এবং অধীক জনগণ সমস্যা বলার সুযোগ পাবে। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০৬ | মোঃ সুলতান আহম্মেদ<br>কমিউনিটি পুলিশ | জনতার মুখোমুখি এনসিসিকে স্বচ্ছতা ও জবাব দিহিতার মধ্যে নিয়ে আসবে এবং অবকাঠামো উন্নয়নে নাগরিকদের অংশগ্রহনে উৎসাহিত করবে। |
| ০৭ | মোঃ আনিছুর রহমান<br>ঠিকাদার | এই জনতার মুখোমুখি অনুষ্ঠান নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর উন্নয়ণ আরো এগিয়ে নিয়ে যাবে বলে আমি মনে করি। |
| ০৮ | রাশিদা আক্তার<br>সমাজ সেবিকা | জনতার মুখোমুখি অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পেরে আমি আনন্দিত। এই অনুষ্ঠানটির মাধ্যমে এনসিসির উন্নয়নে জবাব দিহিতা নিশ্চিত করবে ও জনগনকে এনসিসির উন্নয়নে অংশিবারিত্ব নিশ্চিত করে। |
| ০৯ | নাজমা বেগম<br>গৃহিনী | মেয়র মহোদয়কে ধন্যবাদ। তিনি এমন একটা জনসভা দেওয়ার জন্য। |
| ১০ | মোঃ ইসমাইল মাতবর<br>এন.জি.ও প্রতিনিধি | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি সিটি কর্পোরেশনের সামগ্রিক উন্নয়নে স্বচ্ছতা ও জবাব দিহিতার চর্চা করে। |
| ১১ | আলী আকবর<br>আইনজীবি | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আমার ভালো লেগেছে। এই রকম অনুষ্ঠানের মাধ্যমে উন্নয়ণ এগিয়ে নেয়া সম্ভব। |
| ১২ | কাউসার আহম্মেদ<br>ব্যবসায়ী ও সমাজ সেবক | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আমার ভালো লেগেছে। এ ধরনের অনুষ্ঠান উন্নয়নের পথে অনেক বড় ধরনের ভূমিকা রাখবে বলে আমি মনে করি। |
| ১৩ | পরশ আলী<br>পেশাজীবি | জনতার মুখোমুখি অনুষ্ঠানের মাধ্যমে সিটি কর্পোরেশন এর উন্নয়ন এগিয়ে নেওয়া সম্ভব। |
| ১৪ | মোঃ সাইদুর রহমান<br>পেশাজীবি | জনপ্রতিনিধিদের তার জনগণের নিকট স্বচ্ছতা ও জবাব দিহিতার একটি প্রক্রিয়া হচ্ছে "জনতার মুখোমুখি"। এরূপ অনুষ্ঠানের মাধ্যমে তারা জনগণের কাছে আরো আস্থা জ্ঞাপন হতে পারে। তাই এমন অনুষ্ঠান প্রতি বছর বছ হওয়া উচিত বলে আমি মনে করি। |
| ১৫ | মোঃ সফিকুল ইসলাম লিটন<br>ব্যবসা | মেয়র মহোদয়কে ধন্যবাদ জানাই। নারায়াণগঞ্জ সিটি কর্পোরেশনের কাজকর্ম ভাল। আরো ভাল উন্নত করতে হবে। |
| ১৬ | মোঃ আসিফ হাসান<br>ছাত্র | এনসিসি জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আমার খুব ভাল লেগেছে। এই অনুষ্ঠানে এনসিসির সকল উন্নয়ণ কর্মকান্ড তুলে ধরা হয়েছে এবং বড় অংকের বাজেট তুলে ধরা হয়েছে। |
| ১৭ | সামিয়া<br>গৃহিনী | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি অনেক ভালো। |
| ১৮ | মোঃ খালিদ হাসান<br>বিশিষ্ট সমাজ সেবক | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর এই জনতার মুখোমুখি অনুষ্ঠান আমার কাছে ভালো লেগেছে। |
| ১৯ | মোসাম্মৎ মালা আক্তার<br>গৃহিনী | অনুষ্ঠনটির মাধ্যমে সরাসরি মেয়র ও সাধারন জনগণের সামনে সমস্যা উপস্থাপন করা যায়। |
| ২০ | মোঃ রুহুল আমিন (রবিন)<br>ছাত্র | আমার কাছে ভাল লেগেছে জনগনের সাথে মেয়রের যোগাযোগ ও আন্তরিকতা। |
| ২১ | আব্দুল কাদির<br>রাজনীতিবিদ ও বীর মুক্তিযোদ্ধা | এই অনুষ্ঠান বা এই ধরনের অনুষ্ঠান বেশি সময় নিয়ে করা উচিত। |
| ২২ | মোঃ ফয়সাল আহম্মেদ দোলন<br>ব্যবসায়ি | মেয়র জনগনের সরাসরি মুখোমুখি হয়ে জবাব দিহিতা করেছে, এটা আমার কাছে খুব ভালো লেগেছে। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ২৩ | কাউসার আহম্মেদ<br>ব্যবসায়ী ও সমাজ সেবক | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আমার ভালো লেগেছে। এ ধরনের অনুষ্ঠান উন্নয়নের পথে অনেক বড়গ ধরনের ভূমিকা রাখবে বলে আমি মনে করি। |
| ২৪ | মোঃ ফয়সাল আহম্মেদ দোলন<br>ব্যবসায়ি | মেয়র জনগনের সরাসরি মুখোমুখি হয়ে জবাব দিহিতা করেছে, এটা আমার কাছে খুব ভালো লেগেছে। |

৪। জনগনের প্রতিক্রিয়ার (মতামত,দাবী / অভিযোগ) বর্ণনা।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মোঃ ইউসুফ<br>শিক্ষক | উন্নয়ণ পরিকল্পনা করা। |
| ০২ | খাদিজা ইসলাম নিতু<br>শিক্ষিকা | (ক) বর্জ্য ব্যবস্থাপনা।<br>(খ) ওয়াসার পানি।<br>(গ) খেলার মাঠ। |
| ০৩ | মোঃ রিপন<br>দরিদ্র প্রতিনিধি | (ক) শীতলক্ষ্যা সেতু বাস্তবায়ন।<br>(খ) ফুটপাত দখল মুক্ত করা। |
| ০৪ | নাছির মাহমুদ<br>ব্যবসা | ১। চলমান কাজগুলো বাস্তবায়ন সময়মত হচ্ছে না।<br>২। সঠিক সময়ে সঠিক কাজগুলো করতে হবে। |
| ০৫ | লাকী সরকার<br>ব্যবসায়ী ও সমাজ সেবক | বর্জ্য ব্যবস্থাপনা এনসিসির একটি বড় সমস্যা এর সমাধান অত্যন্ত জরুরী। |
| ০৬ | সুলতান আহম্মেদ<br>কমিউনিটি পুলিশ | (ক) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ও ডাম্পিং গ্রাউন্ড।<br>(খ) পর্যাপ্ত অবকাঠামো উন্নয়ণ। |
| ০৭ | মোঃ আনিছুর রহমান<br>ঠিকাদার | (ক) শীতলক্ষ্যা ব্রীজ নিয়ে আলোচনা।<br>(খ) নগর পরিকল্পনা নিয়ে আলোচনা। |
| ০৮ | রাশিদা আক্তার<br>সমাজ সেবিকা | (ক) শীতলক্ষা ব্রীজ নির্মাণ বিষয়ে।<br>(খ) আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে।<br>(গ) ওয়াসাকে এনসিসির আত্মীকরনে। |
| ০৯ | নাজমা বেগম<br>গৃহিনী | (ক) শীতলক্ষ্যা সেতু বাস্তবায়ন।<br>(খ) ফুটপাত দখল মুক্ত করা। |
| ১০ | মোঃ ইসমাইল মাতবর<br>এন.জি.ও প্রতিনিধি | কঠিন বর্জ্য ব্যবস্থাপনা করা। |
| ১১ | আলী আকবর<br>আইনজীবি | (ক) নগর উন্নয়ণ নিয়ে ভবিষৎ পরিকল্পনা।<br>(খ) উন্নয়ন সম্পর্কে বাজেট থাকা। |
| ১২ | কাউসার আহম্মেদ<br>ব্যবসায়ী ও সমাজ সেবক | (ক) ওয়ার্ড ভিত্তিক পাঠাগার স্থাপন।<br>(খ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য উন্নত ব্যবস্থা করা।<br>(গ) মাদক বিরোধী সভার ব্যবস্থা করা। |
| ১৩ | পরশ আলী<br>পেশাজীবি | নগর পরিকল্পনা নিয়ে আলোচনা করা। |
| ১৪ | মোঃ সাইদুর রহমান<br>পেশাজীবি | (ক) নগরবাসীর মৌলিক চাহিদা পূরনে করনীয় বিষয়।<br>(খ) নগর অবকাঠামো আরো গতিশীল করার বিষয়ে। |
| ১৫ | মোঃ সফিকুল ইসলাম লিটন<br>ব্যবসা | ১। চিকিৎসার ব্যবস্থা করা।<br>২। মাদক ব্যবসা বন্ধ করা। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ১৬ | মোঃ আসিফ হাসান<br>ছাত্র | (ক) শীতলক্ষ্যা সেতু বাস্তবায়ন।<br>(খ) নাগরিক সেবার লক্ষে আরো ডিজিটাল পদ্ধতি বাড়ানো দরকার। |
| ১৭ | সামিয়া<br>গৃহিনী | কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডাম্পিং গ্রাউন্ড ব্যবস্থা করা। |
| ১৮ | মোঃ খালিদ হাসান<br>বিশিষ্ট সমাজ সেবক | (ক) ওভার ব্রীজ।<br>(খ) ওয়াটার বাস। |
| ১৯ | মোসাম্মৎ মালা আক্তার<br>গৃহিনী | মৌলিক চাহিদা ও নাগরিক অধিকার সমূহ যাচাই করে তার সমাধানের ব্যবস্থা করা। |
| ২০ | মোঃ রুহুল আমিন (রবিন)<br>ছাত্র | (ক) মৌলিক চাহিদা ঠিকমতো দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকারসমূহ যাচাই করন। |
| ২১ | আব্দুল কাদির<br>রাজনীতিবিদ ও বীর মুক্তিযোদ্ধা | (ক) নাগরীক নানা সুবিধা অসুবিধা নিয়ে আলোচনা।<br>(খ) যেসকল প্রোগ্রাম বা এনসিসির যে সকল অনুষ্ঠান হয় তার আগাম প্রচারনা। |
| ২২ | মোঃ ফয়সাল আহম্মেদ দোলন<br>ব্যবসায়ি | (ক) মৌলিক চাহিদা দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকার সমূহ যাচাই করন তৃনমূল পর্যায় থেকে। |
| ২৩ | কাউসার আহম্মেদ<br>ব্যবসায়ী ও সমাজ সেবক | (ক) ওয়ার্ড ভিত্তিক পাঠাগার স্থাপন।<br>(খ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য উন্নত ব্যবস্থা করা।<br>(গ) মাদক বিরোধী সভার ব্যবস্থা করা। |
| ২৪ | মোঃ ফয়সাল আহম্মেদ দোলন<br>ব্যবসায়ি | (ক) মৌলিক চাহিদা দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকার সমূহ যাচাই করন তৃনমূল পর্যায় থেকে। |

৫। "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের প্রস্তাবিত বাজেট ও প্রকৃত ব্যয় ঃ

| ক্রঃ নং | আইটেম | প্রস্তাবিত বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ০১ | সাজসজ্জা | ৩,৪০,০০০/- | ৩,৩০,০০০/- |
| ০২ | (এলইডি স্ক্রিন, জেনারেটর) | ১,১০,০০০/- | ৯০,০০০/- |
| ০৩ | মুদ্রণ | ৬০,০০০/- | ৫৫,০০০/- |
| ০৪ | সাউন্ড সিস্টেম | ৫৫,০০০/- | ৫০,০০০/- |
| ০৫ | শিল্পীবৃন্দ | ৪৫,০০০/- | ৪০,০০০/- |
| ০৬ | স্পিকার | ৪০,০০০/- | ৩৫,০০০/- |
| ০৭ | ফুল/ ব্যানার | ৩৮,০০০/- | ৩৩,০০০/- |
| ০৮ | অন্যান্য | ৩২,০০০/- | ২৭,০০০/- |
| | মোট= | ৭,২০,০০০/- | ৬,৬৬,০০০/- |

৬। প্রশ্নাবলী সংক্রান্ত সংক্ষিপ্ত ফলাফলঃ- সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ ও কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা ও দাবীসমূহ বাস্তবায়নের সম্ভাব্য সময় সম্পর্কে জনগন অবগত হলেন।

৭। অংশগ্রহণকারী ঃ-

| ক্রঃ নং | অংশগ্রহণকারীর ধরন | সংস্থা (সংখ্যায়) | প্রধান প্রধান নাম |
|---|---|---|---|
| ০১ | আমন্ত্রিত অতিথি | ২,২০০ | সিএসসিসি, সিডিসিসি, ডব্লিউএলসিসি, পঞ্চায়েত কমিটি, ও নাগরিক বৃন্দ। |
| ০২ | জাতীয় সংস্থা | ৫৫ | জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, এলজিইডি, মহিলা পরিষদ, রাজনৈতিক দল ও অন্যান্য। |
| ০৩ | প্রাইভেট সেক্টর | ২৯০ | চেম্বর অফ কমার্স, বি.কে.এম.ই.এ, হোসিয়ারী মালিক সমিতি, ইয়াং মার্চেন্ট এসোসিয়েশন, বাস মালিক সমিতি, রেস্তোরা মালিক সমিতি, লবন মালিক সমিতি ও অন্যান্য। |
| ০৪ | বেসরকারী সংস্থা | ২৪০ | আশা, ব্রাক, এইড বাংলাদেশ, গ্রামীন ব্যাংক, সাজেদা ফাউন্ডেশন, বি.এম.এ, ফুটবল এসোসিয়েশন, বঙ্গবীর সংসদ, নারায়ণগঞ্জ হার্ড ফাউন্ডেশন, উত্তরণ সংসদ ও অন্যান্য। |
| ০৫ | অন্যান্য সংস্থা | ২০০ | নাগরিক কমিটি, প্রেসক্লাব, আমরা নারায়ণগঞ্জবাসী, সিডিসি, বস্তি উন্নয়ন ফেডারেশন, সিডিসি, খেলাঘর, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বার এসোসিয়েশন, শিক্ষক সমিতি ও অন্যান্য। |

"জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান শেষে বিভিন্ন পেশা ও বয়সের ২৪ জন অংশগ্রহণকারীর সাক্ষাতকার গ্রহণ করা হয়, যার ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তুত করা হলো।

(এ,এফ,এম, এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail: ceo@ncc.gov.bd